

ওজোপাড়িকো'র ইনোভেশন সংক্রান্ত ২০২০-২১ অর্থ-বছরের বার্ষিক কর্মপরিকল্পনা

ক্র: নং	প্রস্তাবিত বিষয় সমূহ	বাস্তবায়নকাল (শুরু ও সমাপ্তির তারিখ)	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (যে কর্মকর্তার নেতৃত্বে সম্পাদিত হবে তার নাম ও পদবি)	প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুণগত বা পরিমাণগত কি পরিবর্তন আসবে)	পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরী হয়েছে কিনা তা পরিমাপের মানদণ্ড)	অগ্রগতি
০১	LOW COST SUBSTATION AUTOMATION SYSTEM (SAS) WITH SCADA	০১-০৭-২০২০ হতে ৩০-০৩-২০২১	১। প্রকৌশলীঃ দেবশীষ পাল, নির্বাহী প্রকৌশলী সিস্টেম কন্ট্রোল ও প্রটেকশন, সদর দপ্তর, খুলনা। ২। প্রকৌশলীঃ কল্যান কুমার দেবনাথ উপ-বিভাগীয় প্রকৌশলী, সিস্টেম কন্ট্রোল ও প্রটেকশন, সদর দপ্তর, খুলনা।	বর্তমানে ৩৩/১১ কেভি উপকেন্দ্রে সয়ংক্রিয় নিয়ন্ত্রণ ও পর্যবেক্ষণ ব্যবস্থা নাই। বর্ণিত ইনোভেশন কাজ সম্পন্ন হলে নিম্নবর্ণিত প্রত্যাশিত ফলাফল পাওয়া যাবেঃ ১। কম্পিউটারের মাধ্যমে উপকেন্দ্রের প্রতিটি ফিডারের রিয়েলটাইম লোড, ভোল্টেজ, পাওয়ার ফ্যাক্টর, ফিডার ট্রিপ ও ফিডারের অন্যান্য স্ট্যাটাস মনিটরিং করা যাবে। ২। উপকেন্দ্রের প্রতিটি ফিডারের বিদ্যুৎ বিচ্যুতির সয়ংক্রিয় প্রতিবেদন (SAIFI & SAIDI) পাওয়া যাবে। ৩। কম্পিউটারের মাধ্যমে উপকেন্দ্রের প্রতিটি ফিডার নিয়ন্ত্রণ করা যাবে। ৪। কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ হতে উপকেন্দ্রের সার্বিক অবস্থা নিয়ন্ত্রণ ও পর্যবেক্ষণ করা যাবে। ৫। কম্পিউটারে প্রতিটি ফিডারের সকল তথ্য ডাটাবেজে সয়ংক্রিয়ভাবে সংরক্ষিত থাকবে বিধায় ম্যানুয়াল লগ বই লেখার প্রয়োজন হবে না।	১। বৈদ্যুতিক উপকেন্দ্র অটোমেশন সিস্টেম সমূহের প্রকৌশলগত প্রযুক্তি বিদেশী আমদানী নির্ভর যাহা অত্যন্ত ব্যয় সাপেক্ষ। তাছাড়া ভবিষ্যৎ অটোমেশন সিস্টেমের পরিবর্তন/পরিবর্ধন ও রক্ষনাবেক্ষন এর জন্য বিদেশী প্রতিষ্ঠান সমূহের সাথে চুক্তিবদ্ধ থাকতে হয়। নিজস্ব প্রযুক্তিতে অটোমেশন সিস্টেম তৈরী করা হলে তাহা স্বল্প খরচে উপকেন্দ্রে স্থাপন করা সম্ভব হবে। ভবিষ্যৎ অটোমেশন সিস্টেমের পরিবর্তন/পরিবর্ধন ও রক্ষনাবেক্ষন কাজ নিজস্ব প্রকৌশলী দ্বারা সম্পাদন করা সম্ভব হবে এবং বিদ্যুৎ সেক্টরে দক্ষ প্রকৌশলী তৈরী করা সম্ভব হবে। ২। সয়ংক্রিয় বিদ্যুৎ বিচ্যুতির (SAIFI & SAIDI) প্রতিবেদন। ৩। কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ হতে উপকেন্দ্রের সার্বিক অবস্থা নিয়ন্ত্রণ ও পর্যবেক্ষণ করা যাবে বিধায় বিদ্যুৎ ব্যবস্থা নিয়ন্ত্রণ করা সহজ হবে, ফলে বিদ্যুৎ বিচ্যুতি হ্রাস পাবে এবং গ্রাহক সেবার মান বৃদ্ধি পাবে। ৪। ম্যানুয়াল লগ বই এর পরিবর্তে ডিজিটাল ও সংক্রিয় পদ্ধতীতে উপকেন্দ্রের তথ্য সংরক্ষিত থাকবে। ৫। উপকেন্দ্রের প্রতিটি মুহূর্তের সকল তথ্য কম্পিউটার ডাটাবেজে সংরক্ষিত থাকবে বিধায় ভবিষ্যৎ পরিকল্পনা গ্রহন এবং ডাটা বিশ্লেষণীতে সহায়ক হবে।	২০%

[Signature]
২০/০৮/২০২০

[Signature]
২০/০৮/২০২০